

**Class II**  
**2<sup>nd</sup> Language (Bengali)**

**Worksheet**

এই রচনাটি তোমাদের বাংলা খাতায় লেখো।

**Topic – রচনা**

**বিষয় : আমার প্রিয় খেলা**

আমাদের সবার জীবনে খেলাধুলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। খেলাধুলা আমাদের শরীর ও মনকে সুস্থ রাখে। আমাদের দেশে নানা ধরনের খেলাধুলা রয়েছে, যেমন ক্রিকেট, ফুটবল, খো খো, টেনিস ইত্যাদি। প্রত্যেক মানুষের নিজস্ব পছন্দের কোনো না কোনো খেলা রয়েছে। একইভাবে আমার প্রিয় খেলা ব্যাডমিন্টন। ব্যাডমিন্টন খেলার জন্য একটি মাঠ দরকার হয়। মাঠটি একটি জাল দিয়ে দুইটি ভাগ করা হয়। খেলার জন্য একটি রেকেট এবং একটি কর্ক দরকার হয়। যখন আমি বন্ধুদের সাথে খেলি তখন আমার মনটা খুব ভাল হয়ে যায়। ব্যাডমিন্টন শুধু আমাদের আনন্দ দেয় না বরং আমাদের শরীর ও মনও ভাল রাখে। তাই আমি ব্যাডমিন্টন খেলতে ভালবাসি।